গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-১ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

বিষয়ঃ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা এর অনুচ্ছেদ ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মো. জহির রায়হান, অতিরিক্ত সচিব (প্রশাসন) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
তারিখ ও সময়	:	৩১ জানুয়ারি ২০২৪, বিকেল: ০৩: ৩০ টা
স্থান	:	অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণ-কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জন এর বিষয় অন্তর্ভুক্ত করায় সরকারি দপ্তরসমূহে স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়নসহ এর প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ ও নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করেন।

০২। **আলোচনা:**

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির গত ০৯/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রমসমূহের বিষয়ে সেবা প্রদান প্রতিশ্রুতির বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-০১) জানান যে, এ বিভাগের সিপিটিইউ (বর্তমানে বিপিপিএ) কর্তৃক নাগরিক সেবা হিসেবে অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত রিভিল প্যানেলে আপিল জমা পড়েছে ৪১ টি এর মধ্যে ৩০টি রিভিউ আপিল এর সিদ্ধান্ত/রায় প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ১১টি আপিল এর শুনানী ও অন্যান্য কাজ প্রক্রিয়াধীন রয়েছে। সিপিটিইউ (বর্তমানে বিপিপিএ) কর্তৃক ২য় ত্রৈমাসিকে ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা অন্তর্ভুক্ত হয়েছে মোট ১০টি। দাপ্তরিক সেবা হিসেবে এ বিভাগের ০৮টি মনিটরিং সেক্টরের মাধ্যমে ২য় ত্রৈমাসিকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে সুনির্দিষ্ট প্রস্তাব ও যৌক্তিকতার ভিত্তিতে ৮৫টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুপারিশ প্রদান করা হয়েছে। এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্যতা সাপেক্ষে ব্যক্তিগত আবেদনসমূহ সময়মত এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হয় এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নির্দেশনা ও অর্থ বিভাগের ২০/৩/১৯৮৯ তারিখের নং-অম (অবি)/প্রবি-২/ছুটি-৬/৮৬/২৮ অফিস আদেশ অনুযায়ী ছুটির প্রাপ্যতা সাপেক্ষে আবেদনকারীর আবেদনের তারিখ হইতে পরবর্তী তিন বৎসর হিসাব করে কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান করা হচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুচ্ছেদ ১.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ১.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ (বর্তমানে বিপিপিএ) কর্তৃক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে গত ১৩, ১৪ ও ১৭ ডিসেম্বর ২০২৩ তারিখে মোট-৩ (তিন)টি সভা/সেমিনার অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভা/সেমিনারের কার্যবিবরণী ও হাজিরা প্রমাণক হিসেবে গত ০৯ জানুয়ারি ২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ২.২ অনুযায়ী এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত এবং সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯-এর বিষয়ে গত ০১ থেকে ০৪ জানুয়ারি ২০২৪ পর্যন্ত ০২টি ব্যাচে মোট ৫৪ জন ২য় শ্রেণির কর্মকর্তাদের দক্ষতাবৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং গত ০৯ জানুয়ারি ২০২৪ তারিখে প্রমাণকসমূহ হাজিরাসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। অনুচ্ছেদ ১.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি ২য় ত্রৈমাসিক (অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩) পর্যন্ত গত ২০ নভেম্বর ২০২৩ তারিখে হালনাগাদপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। অনুচ্ছেদ ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্তের আলোকে (অক্টোবর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৩) ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন গত ১৪ জানুয়ারি ২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।

২.১। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নাগরিক সেবা হিসেবে এ বিভাগের বিপিপিএ কর্তৃক বাস্তবায়িত রিভিউ প্যানেল আপিল, ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তির জন্য আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান, দাপ্তরিক সেবা হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব শতভাগ নিষ্পত্তিকরণ এবং এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ সেবা আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিক হালনাগাদকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় ত্রৈমাসিক গৃহীত সিদ্ধান্তসমূহ পরবর্তী সভায় বাস্তবায়নের ফলোআপ তুলে ধরার বিষয়ে আলোচনা হয়।

০৩। **সিদ্ধান্ত:**

৩.১ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩.২ নাগরিক সেবা হিসেবে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) কর্তৃক বাস্তবায়িত রিভিউ প্যানেল আপিল, ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তির জন্য আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করতে হবে।

৩.৩ দাপ্তরিক সেবা হিসেবে এ বিভাগের ০৮টি মনিটরিং সেক্টরের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুনির্দিষ্ট প্রস্তাব ও যৌক্তিকতার ভিত্তিতে সুপারিশ প্রদান করতে হবে।

৩.৪ অভ্যন্তরীণ সেবা হিসেবে এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল, অর্জিত ছুটি, পিআরএল মঞ্জুর, পেনশন মঞ্জুর এবং বহিঃবাংলাদেশ ছুটি আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করতে হবে।

৩.৫ অর্থ বিভাগের ২০/৩/১৯৮৯ তারিখের নং-অম (অবি)/প্রবি-২/ছুটি-৬/৮৬/২৮ অফিস আদেশ অনুযায়ী ছুটির প্রাপ্যতা সাপেক্ষে আবেদনকারীর আবেদনের তারিখ হইতে পরবর্তী তিন বৎসর হিসাব করে কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান করতে হবে।

৩.৬ অনুচ্ছেদ ২.১ অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে।

৩.৭ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পরবর্তী সভায় বাস্তবায়নের ফলোআপ তুলে ধরতে হবে।

০৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪.২.২০২৪

(মো.জহির রায়হান)
অতিরিক্ত সচিব
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়ন কমিটি
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

স্মারক নং-২১.০০.০০০০.০০৩.০৫.০৩১.২৩- ৫৩

তারিখ: ২১ মাঘ ১৪৩০ / ০৪ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ-যুগ্মসচিব, সুশাসন অধিশাখা)।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, বিপিপিএ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. প্রধান (অতিরিক্ত সচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১ (শিল্প ও শক্তি), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. মহাপরিচালক (সকল), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫. জনাব মোঃ মাহফুজার রহমান, পরিচালক (যুগ্মসচিব), বিপিপিএ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৬. যুগ্মসচিব, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭. জনাব নাজনীন সুলতানা, উপসচিব, প্রশাসন-০২ শাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৮. সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
১০. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪/০২/২৪

(মোঃ মইনউদ্দিন খন্দকার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯১৮০৭০৭
ই-মেইল: sasadmin1@imed.gov.bd